



# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা-১৩৪২

## ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রীর কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আবেদন [ju-admission.org](http://ju-admission.org) ওয়েবসাইটের মাধ্যমে এবং আবেদন ফি ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং (DBBL Mobile Banking)-এর মাধ্যমে গ্রহণ করা হবে। আবেদনের নিয়মাবলী এই বিজ্ঞপ্তির ২ নং ক্রমিকে দেখুন।

### আবেদনের সময়ঃ

০৪-১০-২০১৬ তারিখ সকাল ১০:০০ টা থেকে ৩১-১০-২০১৬ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত।

### ভর্তি পরীক্ষার তারিখঃ

১৯-১১-২০১৬ থেকে ২৭-১১-২০১৬ তারিখ পর্যন্ত। পরীক্ষার বিস্তারিত সময়সূচি ও সিটপ্ল্যান পরবর্তীতে পত্রিকায় বিজ্ঞপ্তি এবং [ju-admission.org](http://ju-admission.org) ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

### ১. বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতাঃ

- ২০১৩ সাল ও তার পরবর্তী বছরসমূহের মাধ্যমিক/সমমানের পরীক্ষা এবং ২০১৫ ও ২০১৬ সালের উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে।
- মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার ৪র্থ বিষয়সহ মোট জিপিএ গণনা করা হবে।
- জি.সি.ই: ২০১১ সাল থেকে তৎপরবর্তী সাল পর্যন্ত O লেভেল পরীক্ষায় অন্তত ৫ (পাঁচ)টি বিষয়ে এবং ২০১৫ অথবা ২০১৬ সালের A লেভেল পরীক্ষায় অন্তত ২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। তাদের O লেভেল এবং A লেভেলের মোট ৭ (সাত)টি বিষয়ের মধ্যে ৪ (চার)টি বিষয়ে কমপক্ষে 'বি' গ্রেড ও ৩ (তিন)টি বিষয়ে কমপক্ষে 'সি' গ্রেড থাকতে হবে।
- প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রী যে কোন ইউনিটে আবেদন করতে পারবে।
- উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর বিভিন্ন বিষয়ে নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবেঃ

ইউনিট/বিভাগের নাম	মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল।	উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয় বা বিষয়সমূহে নিম্নলিখিত ন্যূনতম গ্রেড থাকতে হবে।
-------------------	--	--

A-ইউনিট (গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদ): মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে সর্বনিম্ন জিপিএ ৩.৫০ পেতে হবে।

গণিত	মোট জিপিএ ৭.৫০	গণিতে B গ্রেড
পরিসংখ্যান	মোট জিপিএ ৭.৫০	পরিসংখ্যান/গণিতে B গ্রেড।

রসায়ন	মোট জিপিএ ৮.০০	রসায়নে A এবং গণিতে B গ্রেড।
পদার্থবিজ্ঞান	মোট জিপিএ ৮.০০	পদার্থবিজ্ঞান এবং গণিতে A গ্রেড।
ভূতাত্ত্বিক বিজ্ঞান	মোট জিপিএ ৮.০০	পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিতে A- (মাইনাস) গ্রেড।
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	মোট জিপিএ ৮.৫০	পদার্থবিজ্ঞান ও গণিতে A গ্রেড।
পরিবেশ বিজ্ঞান	মোট জিপিএ ৮.৫০	পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিদ্যা এবং গণিত/পরিসংখ্যানে A- (মাইনাস) গ্রেড।

**B-ইউনিট (সমাজবিজ্ঞান অনুষদ):** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে সর্বনিম্ন জিপিএ ৩.৫০ পেতে হবে।

অর্থনীতি	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা: মোট জিপিএ ৮.০০	ইংরেজি/গণিতে A- (মাইনাস) গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.৫০	অর্থনীতি/অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল/গণিত/পরিসংখ্যান/কম্পিউটার শিক্ষা/ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
ভূগোল ও পরিবেশ	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/কৃষি শাখা: মোট জিপিএ ৭.৫০	বাংলা/ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.০০	বাংলা/ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
সরকার ও রাজনীতি	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/কৃষি শাখা: মোট জিপিএ ৮.০০	বাংলায় A- (মাইনাস) এবং ইংরেজিতে B গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.০০	বাংলায় A- (মাইনাস) এবং ইংরেজিতে B গ্রেড।
নৃবিজ্ঞান	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/কৃষি শাখা: মোট জিপিএ ৮.০০	বাংলা ও ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.৫০	বাংলা ও ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
নগর ও অঞ্চল পরিকল্পনা	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/কৃষি শাখা: মোট জিপিএ ৮.০০	গণিত ও ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.০০	গণিত ও ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
লোক প্রশাসন	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা: মোট জিপিএ ৮.০০	ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.৫০	ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।

C-ইউনিট (কলা ও মানবিকী অনুষদ): মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে সর্বনিম্ন জিপিএ ৩.০০ পেতে হবে।

বাংলা	(ক)উচ্চমাধ্যমিক মানবিক শাখা: মোট জিপিএ ৭.০০	বাংলায় A গ্রেড।
	(খ)উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা /অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.৫০	বাংলায় A গ্রেড।
ইংরেজি	(ক)উচ্চমাধ্যমিক মানবিক শাখা: মোট জিপিএ ৭.৫০	ইংরেজিতে A গ্রেড।
	(খ)উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা:মোট জিপিএ ৮.০০	ইংরেজিতে A গ্রেড।
ইতিহাস	(ক)উচ্চমাধ্যমিক মানবিক শাখা: মোট জিপিএ ৭.০০	বাংলায় A- (মাইনাস) এবং ইংরেজিতে B গ্রেড।
	(খ)উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/ অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.৫০	বাংলায় A- (মাইনাস) এবং ইংরেজিতে B গ্রেড।
দর্শন	(ক)উচ্চমাধ্যমিক মানবিক শাখা: মোট জিপিএ ৬.৫০	বাংলা এবং ইংরেজিতে B গ্রেড।
	(খ)উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.০০	বাংলা এবং ইংরেজিতে B গ্রেড।
নাটক ও নাট্যতত্ত্ব	(ক)উচ্চমাধ্যমিক মানবিক শাখা: মোট জিপিএ ৬.০০	বাংলাসহ অন্য যেকোন একটি বিষয়ে B গ্রেড।
	(খ)উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা /অন্যান্য শাখা: মোট জিপিএ ৬.৫০	বাংলাসহ অন্য যেকোন একটি বিষয়ে B গ্রেড।
প্রত্নতত্ত্ব	(ক)উচ্চমাধ্যমিক মানবিক শাখা: মোট জিপিএ ৬.৫০	বিষয়ভিত্তিক পৃথক কোন শর্ত নেই।
	(খ)উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা:মোট জিপিএ ৭.০০	বিষয়ভিত্তিক পৃথক কোন শর্ত নেই।
আন্তর্জাতিক সম্পর্ক	(ক)উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা: মোট জিপিএ ৭.৫০	ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
	(খ)উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.০০	ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ	(ক)উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা: মোট জিপিএ ৮.০০	বাংলা এবং ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
	(খ)উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.৫০	বাংলা এবং ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
চারুকলা	উচ্চমাধ্যমিক বিজ্ঞান/মানবিক/ ব্যবসায় শিক্ষা/ অন্যান্য শাখা:মোট জিপিএ ৬.৫০	বাংলায় B গ্রেড।

**D-ইউনিট (জীববিজ্ঞান অনুষদ):** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে সর্বনিম্ন জিপিএ ৩.৫০ পেতে হবে।

উদ্ভিদবিজ্ঞান	মোট জিপিএ ৮.০০	জীববিজ্ঞান/কৃষিবিজ্ঞানে A- (মাইনাস) গ্রেড।
প্রাণিবিদ্যা	মোট জিপিএ ৮.০০	জীববিজ্ঞানে A- (মাইনাস) গ্রেড।
ফার্মেসী	মোট জিপিএ ৮.৫০	রসায়ন, জীববিজ্ঞান এবং গণিতে A- (মাইনাস) গ্রেড।
প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান	মোট জিপিএ ৮.০০	বিষয়ভিত্তিক পৃথক কোন শর্ত নেই।
মাইক্রোবায়োলজি	মোট জিপিএ ৮.৫০	রসায়ন, জীববিজ্ঞান এবং ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং	মোট জিপিএ ৮.৫০	রসায়ন, পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান এবং গণিতে A- (মাইনাস) গ্রেড।
পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স	মোট জিপিএ ৮.০০	রসায়ন ও জীববিজ্ঞানে A- (মাইনাস) এবং গণিতে B গ্রেড।

**E-ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ):** মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে সর্বনিম্ন জিপিএ ৩.৫০ পেতে হবে।

ফিন্যান্স এন্ড ব্যাংকিং মার্কেটিং	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা: মোট জিপিএ ৮.০০	ইংরেজিতে A-(মাইনাস) এবং গণিত/অর্থনীতি/হিসাববিজ্ঞান/ব্যবসায় নীতি ও প্রয়োগে B গ্রেড।
একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম	(খ) উচ্চমাধ্যমিক ব্যবসায় শিক্ষা/মানবিক ও অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.৫০	
ম্যানেজমেন্ট স্টাডিজ		

**F-ইউনিট (আইন অনুষদ):** মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ৩.০০ পেতে হবে।

আইন ও বিচার	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা: মোট জিপিএ ৮.০০	বাংলা এবং ইংরেজিতে A-(মাইনাস) গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা/ অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.৫০	বাংলা এবং ইংরেজিতে A-(মাইনাস) গ্রেড।

**G-ইউনিট (ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন [আইবিএ-জেইউ]):** মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ৩.৫০ পেতে হবে।

বিবিএ প্রোগ্রাম	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা: মোট জিপিএ ৮.৫০	গণিত এবং ইংরেজিতে A- (মাইনাস) গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা: মোট জিপিএ ৮.০০	ইংরেজি এবং হিসাববিজ্ঞান/অর্থনীতি/গণিত/ব্যবসায় নীতি ও প্রয়োগে A- (মাইনাস) গ্রেড।

**H-ইউনিট (ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি):** মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ৩.৫০ পেতে হবে।

ইনফরমেশন টেকনোলজি	মোট জিপিএ ৮.০০	পদার্থবিজ্ঞান এবং গণিতে A গ্রেড।
-------------------	----------------	----------------------------------

## ২. ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলীঃ

অনলাইন আবেদন তিনটি ধাপে সম্পন্ন করতে হবেঃ

- (ক) ওয়েবসাইটে আবেদনকারীর প্রয়োজনীয় তথ্য প্রদান করে যোগ্যতা যাচাই পূর্বক **Bill Number** সংগ্রহ করতে হবে।
- (খ) **DBBL** মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে নির্ধারিত আবেদন ফি প্রদান করে **Transaction ID (Txnid)** সংগ্রহ করতে হবে।
- (গ) বিল নম্বর ও **Transaction ID (Txnid)** এর মাধ্যমে ওয়েবসাইটে লগ-ইন করার পর ছবি ও স্বাক্ষর আপলোড করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

### (ক) আবেদনকারীর প্রয়োজনীয় তথ্য প্রদান ও যোগ্যতা যাচাইঃ

(যেমনঃ এসএসসি এবং এইচএসসি'র পাশের সাল, বোর্ড, রোল নং, রেজিস্ট্রেশন নং, আবেদনকারীর মোবাইল নং এবং যে ইউনিটে আবেদন করবে তার নাম)।

### সতর্কতাঃ

একই মোবাইল নম্বর ব্যবহার করে একাধিক ইউনিটে আবেদন করা যাবে। তবে ওই মোবাইল নম্বর দিয়ে একই ইউনিটে একাধিক আবেদন করা যাবেনা। উল্লেখ্য যে, একই DBBL মোবাইল ব্যাংকিং একাউন্ট থেকে একাধিক আবেদন ফি পরিশোধ করা যাবে।

- ❖ শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের [ju-admission.org](http://ju-admission.org) ওয়েবসাইটে **অনলাইন আবেদন** মেনুতে ক্লিক করতে হবে।

- অনলাইন আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে **পরবর্তী ধাপ**-এ ক্লিক করতে হবে।
- প্রদত্ত তথ্য সঠিক হলে এবং আবেদন করতে ইচ্ছুক ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী পূরণ করলে পরবর্তী স্ক্রীনে কনফার্মেশনের জন্য তথ্যাবলী দেখা যাবে। সবকিছু ঠিক থাকলে **পরবর্তী ধাপ**-এ ক্লিক করতে হবে।
- কনফার্মেশনের জন্য **OK** ক্লিক করতে হবে।
- তৎক্ষণাত স্ক্রীনে এবং আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে একটি **Bill Number** জানিয়ে দেয়া হবে। এছাড়া সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করতে কত টাকা লাগবে এবং কোন **Biller ID**-তে তা জমা দিতে হবে সেটিও জানানো হবে। এই **Bill Number** টি সযত্নে সংরক্ষণ করতে হবে, যা আবেদন ফি পরিশোধ এবং প্রবেশপত্র ডাউনলোডের জন্য দরকার হবে।

- ❖ **O** লেভেল এবং **A** লেভেল উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদেরকে [ju-admission.org](http://ju-admission.org) ওয়েবসাইটে **অন্যান্য আবেদনকারী** মেনুতে ক্লিক করে **O Level/A Level** অপশনটি সিলেক্ট করতে হবে।

- অনলাইন আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে **Submit** বাটনে ক্লিক করতে হবে।
- তৎক্ষণাত স্ক্রীনে এবং আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে প্রাথমিক আবেদন গৃহীত হয়েছে বলে অবহিত করা হবে। যাচাই-বাছাই শেষে আবেদনের স্ট্যাটাস SMS-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
- সংশ্লিষ্ট ইউনিটে আবেদনের যোগ্য হলে মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে একটি **Bill Number** জানিয়ে দেয়া হবে। এছাড়া ঐ ইউনিটে আবেদন করতে কত টাকা লাগবে এবং কোন **Biller ID**-তে তা জমা দিতে হবে সেটিও জানানো হবে। এই **Bill Number** টি সযত্নে সংরক্ষণ করতে হবে, যা আবেদন ফি পরিশোধ এবং প্রবেশপত্র ডাউনলোডের জন্য দরকার হবে।

❖ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের [ju-admission.org](http://ju-admission.org) ওয়েবসাইটে **অন্যান্য আবেদনকারী** মেনুতে ক্লিক করে **বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়** অপশনটি সিলেক্ট করতে হবে।

- অনলাইন আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে **Submit** বাটনে ক্লিক করতে হবে।
- তৎক্ষণাত স্ক্রীনে এবং আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে প্রাথমিক আবেদন গৃহীত হয়েছে বলে অবহিত করা হবে। যাচাই-বাছাই শেষে আবেদনের স্ট্যাটাস SMS-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
- সংশ্লিষ্ট ইউনিটে আবেদনের যোগ্য হলে মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে একটি **Bill Number** জানিয়ে দেয়া হবে। এছাড়া ঐ ইউনিটে আবেদন করতে কত টাকা লাগবে এবং কোন **Biller ID**-তে তা জমা দিতে হবে সেটিও জানানো হবে। এই **Bill Number** টি সযত্নে সংরক্ষণ করতে হবে, যা আবেদন ফি পরিশোধ এবং প্রবেশপত্র ডাউনলোডের জন্য দরকার হবে।

(খ) DBBL মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে আবেদন ফি প্রদানঃ

বিভিন্ন ইউনিটে আবেদনের জন্য আবেদন ফি নিম্নরূপঃ

আবেদন ফি (সার্ভিস চার্জসহ):

A, B, C, D এবং E ইউনিটের প্রতিটির জন্য ৫৫০ টাকা।

F, G এবং H ইউনিটের প্রতিটির জন্য ৩৫০ টাকা।

আবেদনকারীর নিজের ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং একাউন্ট থেকে অথবা এজেন্টের ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং একাউন্ট থেকে SMS-এ উল্লিখিত পরিমাণ টাকা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের 343 নম্বর **Biller ID**-তে জমা দিতে হবে। প্রতিটি ইউনিটের জন্য আলাদাভাবে আবেদন ফি জমা দিতে হবে।

**DBBL** মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া নিম্নরূপঃ

- i) ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য \*322# ডায়াল করতে হবে।
- ii) **Payment** সিলেক্ট করতে হবে।
- iii) অতঃপর **Bill Pay** সিলেক্ট করতে হবে।
- iv) **Biller ID** হিসেবে 343 টাইপ করতে হবে।
- v) SMS-এর মাধ্যমে প্রাপ্ত **Bill Number** টি টাইপ করতে হবে।
- vi) **Amount** হিসেবে সংশ্লিষ্ট ইউনিটের জন্য নির্ধারিত আবেদন ফি টাইপ করতে হবে।
- vii) এবার **DBBL** মোবাইল ব্যাংকিং **PIN** টাইপ করতে হবে।
- viii) পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি SMS-এর মাধ্যমে একটি **Transaction ID (Txnid)** আসবে। ঐ **Transaction ID** এবং **Bill Number** টি সযত্নে সংরক্ষণ করতে হবে যা প্রবেশপত্র ডাউনলোডের জন্য দরকার হবে।

❖ একাধিক ইউনিটে আবেদন করতে হলে উপরিউক্ত নিয়মে অন্যান্য ইউনিটের জন্য আবেদন ফি জমা দিতে হবে।

### (গ) প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড:


প্রবেশপত্রের জন্য সদ্য তোলা এককপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০ x ৩০০ পিক্সেল এবং ফাইল সাইজ ১০০ কিলোবাইটের বেশি নয়) ও আবেদনকারীর স্বাক্ষর (৩০০ x ৮০ পিক্সেল এবং ফাইল সাইজ ৬০ কিলোবাইটের বেশি নয়) স্ক্যান করে ২টি আলাদা jpg ফাইল তৈরী করে রাখতে হবে। প্রতিটি ইউনিটের জন্য আলাদাভাবে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে।

- ju-admission.org ওয়েবসাইটে **প্রবেশপত্র ডাউনলোড** মেনুতে ক্লিক করে সাব-মেনু থেকে সঠিক অপশনটি বাছাই করতে হবে।
- প্রদর্শিত ক্ষীনে আবেদনকারীর **Bill Number** এবং **DBBL Transaction ID (Txnid)** ইনপুট করে **Log In** করতে হবে।
- এবার আবেদনকারীর স্ক্যান করা ছবি এবং স্বাক্ষর আপলোড করতে হবে। অতঃপর **Print** বাটনে ক্লিক করে প্রাপ্ত **Admit Card** টি সংরক্ষণ করতে হবে। প্রবেশপত্র সংগ্রহের সর্বশেষ সময় **১০/১১/২০১৬** তারিখ রাত **১১:৫৯** টা পর্যন্ত।

❖ একাধিক ইউনিটে আবেদন করে থাকলে উপরোক্ত নিয়মে অন্যান্য ইউনিটের জন্য **Admit Card** সংগ্রহ করতে হবে।

### বিশেষ দ্রষ্টব্যঃ

- ❖ পাসপোর্ট সাইজের রঙিন ছবির ডাইমেনশন হবে ৩০০ বাই ৩০০ পিক্সেল (width by height) এবং ছবির সাইজ অবশ্যই ১০০ কিলোবাইটের মধ্যে হতে হবে।
- ❖ সিগনেচার-এর ডাইমেনশন হতে হবে ৩০০ বাই ৮০ পিক্সেল (width by height) এবং সাইজ ৬০ কিলোবাইটের বেশী নয়।
- ❖ আপনার ছবি এবং সিগনেচারের ডাইমেনশন ঠিক করার জন্য আপনি উইন্ডোজের **MS Paint** প্রোগ্রামের সহায়তা নিতে পারেন। প্রক্রিয়াটি নিম্নরূপঃ



- আপনার ছবি বা সিগনেচার **MS Paint** প্রোগ্রামের মাধ্যমে **Open** করুন।
- MS Paint** প্রোগ্রামটি চালু থাকা অবস্থায় **Ctrl + W** প্রেস করুন। ফলে নীচের মত উইন্ডো দেখতে পারেন।
- Percentage** এর পরিবর্তে **Pixels** অপশনটি সিলেক্ট করে **Maintain aspect ratio** থেকে টিক-মার্ক উঠিয়ে দিন।
- এবার **Horizontal** এবং **Vertical** বক্সের মধ্যে যথাক্রমে **300** ও **300** (ছবি হলে) অথবা **300** ও **80** (সিগনেচার হলে) টাইপ করে **OK** ক্লিক করুন। **Done!!**

এছাড়া ফটো ভ্যালিডেটরের সাহায্যেও ছবি ও স্বাক্ষর অ্যাডজাস্ট করা যায়। এর জন্য **ju-admission.org** সাইটে গিয়ে **ফটো যাচাই** মেনুতে ক্লিক করুন।

## (ঘ) সিটপ্ল্যান ও ফলাফলঃ

পরীক্ষার তারিখ, সময়, ভবনের নাম, কক্ষ নম্বর ইত্যাদি তথ্যসহ সিটপ্ল্যান এবং ভর্তি পরীক্ষার ফলাফল আবেদনকারীর মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এছাড়া এসব তথ্য [ju-admission.org](http://ju-admission.org) থেকেও জানা যাবে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচির কোনো পরিবর্তন হলে দৈনিক সংবাদপত্র এবং ওয়েবসাইটের মাধ্যমে ([www.ju-admission.org](http://www.ju-admission.org)) জানানো হবে।

## (ঙ) ভর্তি পরীক্ষা নিম্নবর্ণিত নিয়মানুযায়ী অনুষ্ঠিত হবেঃ

১. MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। Optical Mark Reader (OMR) পদ্ধতিতে উত্তরপত্র মূল্যায়ন করা হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২০ (শূন্য দশমিক দুই শূন্য) নম্বর কাটা যাবে।
২. ভর্তি পরীক্ষার নম্বর ও সময়ঃ
  - ক) C ও G ইউনিট ব্যতীত অন্যান্য সকল ইউনিটে ৮০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ৫৫ মিনিট। তবে OMR পূরণের জন্য আলাদাভাবে ৫ মিনিট সময় দেয়া হবে।
  - খ) C ইউনিটে মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ৬৫ মিনিট। তবে OMR পূরণের জন্য আলাদাভাবে ৫ মিনিট সময় দেয়া হবে। নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগের জন্য ২০ নম্বরের ব্যবহারিক পরীক্ষা পরবর্তী সময়ে নেয়া হবে। ব্যবহারিক পরীক্ষার পাশ নম্বর ৪০%।
  - গ) G ইউনিটে ৭৫ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ৫৫ মিনিট। তবে OMR পূরণের জন্য আলাদাভাবে ৫ মিনিট সময় দেয়া হবে। ০৫ নম্বরের মৌখিক পরীক্ষা পরবর্তী সময়ে নেয়া হবে।
৩. ভর্তি পরীক্ষা শেষ হওয়ার সর্বোচ্চ ৩ দিনের মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিস ফলাফল প্রকাশ করবে। ভর্তি পরীক্ষার ফলাফল ওয়েবসাইটে ([ju-admission.org](http://ju-admission.org)) এবং ইউনিট অফিসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। সংবাদপত্রে ফলাফল প্রকাশ করা হবে না।
৪. ভর্তির সময় ছাত্র-ছাত্রীর মূল সনদপত্র, Academic Transcript, ভর্তি পরীক্ষার উত্তরপত্র, ছাত্র-ছাত্রীর আপলোড করা ছবি, স্বাক্ষর, হাতের লেখা ইত্যাদি যাচাই করা হবে।
৫. সকল ইউনিটের জন্য লিখিত পরীক্ষার পাশ নম্বর ন্যূনতম ৩৩%।
  - ক) C ইউনিটে (বাংলা ও ইংরেজি বিভাগ ব্যতীত) উত্তীর্ণ হওয়ার জন্য বাংলা ও ইংরেজি বিষয়ে ৩০ নম্বরের মধ্যে কমপক্ষে ১০ পেতে হবে।
  - খ) C ইউনিটে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে বাংলা বিভাগে ভর্তিচ্ছুকদের বাংলা বিষয়ে ১৫ এর মধ্যে কমপক্ষে ৮ নম্বর পেতে হবে।
  - গ) C ইউনিটে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে ইংরেজি বিভাগে ভর্তিচ্ছুকদের ইংরেজি বিষয়ে ১৫ এর মধ্যে কমপক্ষে ১০ নম্বর পেতে হবে।
  - ঘ) C ইউনিটে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা প্রশ্নপত্রের ৮১ থেকে ১০০ ক্রমিক নম্বর প্রশ্নের উত্তরের জন্য ২০ নম্বরের মধ্যে কমপক্ষে ৭ পাবে, তারা নাটক ও নাট্যতত্ত্ব এবং চারুকলা বিভাগে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।
৬. OMR শিট (উত্তরপত্র)-এর নীচে নির্ধারিত স্থানে নির্দেশনা মোতাবেক একটি বাংলা এবং একটি ইংরেজি বাক্য লিখতে হবে।



৭. E, F, ও G ইউনিটের প্রশ্নপত্র ইংরেজিতে হবে। তবে অন্যান্য ইউনিটে ইংরেজি ভাষন এবং A লেভেল/O লেভেলের আবেদনকারীদের প্রশ্নপত্রও ইংরেজিতে হবে এবং তাদের পরীক্ষা ইউনিট কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।
৮. প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের পরীক্ষা দেয়ার জন্য বিশেষ সাহায্য প্রয়োজন হলে সংশ্লিষ্ট ইউনিট প্রধান বরাবর সাদা কাগজে আবেদন করে সম্মতি নিতে হবে।
৯. ভর্তি পরীক্ষার উত্তরপত্রে (OMR শিট) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও অন্যান্য ঘরে ইংরেজি সংখ্যায় লিখতে হবে এবং সে অনুযায়ী বৃত্ত ভরাট করতে হবে।

চ. বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষার নম্বর বন্টনঃ

১. A-ইউনিট (গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদ):

গণিত ২২, পদার্থবিজ্ঞান ২২, রসায়ন ২২, বাংলা ৩, ইংরেজি ৩ এবং বুদ্ধিমত্তা (বিজ্ঞান বিষয়ক) ৮ নম্বর।

২. B-ইউনিট (সমাজবিজ্ঞান অনুষদ):

বাংলা ১০, ইংরেজি ১৫, গণিত ১৫, সাধারণ জ্ঞান ২৫ এবং বুদ্ধিমত্তা ১৫ নম্বর।

৩. C-ইউনিট (কলা ও মানবিকী অনুষদ):

বাংলা ১৫, ইংরেজি ১৫ এবং অনুষদ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় ৭০ নম্বর।

৪. D-ইউনিট (জীববিজ্ঞান অনুষদ):

বাংলা ও ইংরেজি ৮, রসায়ন ২৪, উদ্ভিদবিজ্ঞান ২২, প্রাণিবিদ্যা ২২ নম্বর এবং বুদ্ধিমত্তা ৪ নম্বর।

৫. E-ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ):

বাংলা ১০, ইংরেজি ৩০, গণিত ৩০ এবং ব্যবসায় সম্পর্কিত সাধারণ জ্ঞান ১০ নম্বর।

৬. F-ইউনিট (আইন অনুষদ):

বাংলা ২৫, ইংরেজি ২৫ এবং সাম্প্রতিক বিষয় ও বুদ্ধিমত্তা ৩০ নম্বর।

৭. G-ইউনিট (ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, আইবিএ-জেইউ):

বাংলা ৫, ইংরেজি ৩০, Mathematical Aptitude ও IQ ৩০, সাম্প্রতিক ও বিশ্লেষণমূলক বিষয় ১০ এবং মৌখিক পরীক্ষায় ৫ নম্বর। মৌখিক পরীক্ষায় সর্বনিম্ন ৩৫% পেতে হবে।

৮. H-ইউনিট (ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি, আইআইটি):

বাংলা ০৫, ইংরেজি ১৫, গণিত ৪০ এবং পদার্থবিজ্ঞান ২০ নম্বর।

ছ. ভর্তির জন্য নির্বাচন পদ্ধতিঃ

১. লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে নিম্নের (২)-এ বর্ণিত প্রাপ্ত নম্বর যোগ করে মোট সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে সংশ্লিষ্ট ইউনিট/বিভাগের আসন সংখ্যার সর্বাধিক ১০ (দশ) গুণ ছাত্র-ছাত্রীর পৃথক তালিকা মেধা অনুযায়ী প্রণয়ন করা হবে। G ইউনিট এবং C ইউনিটভুক্ত নাটক ও নাট্যতত্ত্ব এবং চারুকলা বিভাগের চূড়ান্ত মেধাক্রম মৌখিক/ব্যবহারিক পরীক্ষার পরে প্রকাশ করা হবে।
২. গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ ছাত্রছাত্রীর মাধ্যমিক/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-কে ১.৫ দ্বারা এবং উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-কে ২.৫ দ্বারা গুণ করে ফলাফল তৈরি করা হবে।
৩. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার সঙ্গে সামঞ্জস্য রক্ষার্থে O লেভেল এবং A লেভেল-এর ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে A গ্রেডের জন্য ৫, B গ্রেডের জন্য ৪, C গ্রেডের জন্য ৩.৫ এবং D গ্রেডের জন্য ৩ পয়েন্ট গণ্য করা হবে।

৪. ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকারের সময়সূচী পরবর্তীতে ওয়েবসাইট (ju-admission.org) এবং পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। সাক্ষাৎকারের সময় হাতের লেখা এবং অন্যান্য কাগজপত্র যাচাই করা হবে।

**জ. ভর্তি পরীক্ষার তারিখঃ**

১৯/১১/২০১৬ তারিখ থেকে ২৭/১১/২০১৬ তারিখ পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিস্তারিত সময়সূচী পরবর্তীতে সংবাদপত্র এবং ওয়েবসাইট (ju-admission.org)-এ বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

ঝ. পরীক্ষার হলে প্রবেশপত্র, উচ্চমাধ্যমিক পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড এবং সাধারণ বলপেন ছাড়া কোন প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, ঘড়ি ও অন্য কোন সহায়ক ডিভাইস নিয়ে আসা যাবে না। এসব পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে পরীক্ষার্থীকে পরীক্ষা থেকে বিরত করে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে সোপর্দ করা হবে। এখানে উল্লেখ্য যে, **সময় দেখার জন্য পরীক্ষার হলে ঘড়ির ব্যবস্থা থাকবে।**

ঞ. কোন ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে এবং যে কোন পর্যায়ে তা ধরা পড়লে তার জন্য তাকে নিম্নোক্ত এক বা একাধিক শাস্তি প্রদান করা হবেঃ

১. কোন প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর ক্ষেত্রে স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধানকে চিঠির মাধ্যমে অবহিত করা হবে।
২. পত্রিকায় সচিত্র সংবাদ প্রকাশ করা হবে।
৩. থানায় মামলা দায়ের করা হবে।
৪. সকল ইউনিটের পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
৫. ভর্তির যেকোন পর্যায়ে অথবা ভর্তির পর তার ভর্তি বাতিল করা হবে।

ট. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ এবং ভর্তি হওয়ার সময় ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকদের যাতায়াতের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন প্রকার যানবাহনের ব্যবস্থা করবে না।

ঠ. ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে বিভিন্ন কোর্টায় ভর্তির আবেদন ভর্তি পরীক্ষার পর গ্রহণ করা হবে। এ ব্যাপারে পরবর্তীতে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হবে।

ড. ভর্তি পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয় পরিবর্তনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঢ. অনুসন্ধান (সকাল ৯:০০ টা থেকে রাত ১০:০০ টা পর্যন্ত):

- |  |   |                          |
|--|---|--------------------------|
| ১। বিল নম্বর ও ট্রানজেকশন আইডি সংক্রান্ত | : | 01755600769, 01755600770 |
| ২। ছবি ও স্বাক্ষর সংক্রান্ত              | : | 01755600771, 01755600772 |
| ৩। প্রবেশপত্র ও সিটপ্ল্যান সংক্রান্ত     | : | 01755600773, 01755600774 |
| ৪। অন্যান্য বিষয়                        | : | 01755600775, 01755600776 |
| ৫। ই-মেইল                                | : | support@ju-admission.org |

(মোহাম্মদ আলী)  
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)  
এবং সচিব, বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটি